SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮



# শক্তি বার্তা

## “স্বপ্ন করো জয়”- এইচএসসি পরীক্ষার্থীদের শুভেচ্ছা উপহার প্রদান

স্বপ্ন করো জয় কার্যক্রমের আওতায় শক্তি ফাউন্ডেশনে কর্মরত কর্মীদের সন্তান যারা এ বছর এইচএসসি পরীক্ষার্থী এবং তাদের মা-বাবার হাতে এই শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক সর্বজন শ্রদ্ধেয় হুমায়রা ইসলাম পিএইচডি এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এই শুভেচ্ছা উপহার তুলে দেন।







## বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ







জুন মাসে সিলেট এবং সুনামগঞ্জের বন্যায় বিপর্যস্ত হয়ে পড়ে জনজীবন। ঈদের মধ্যেই বন্যার পানিতে তলিয়ে যায় লাখো মানুষের ঘরবাড়ি; ঈদ আনন্দ পরিণত হয় বিষাদে। বিপর্যস্ত এসমস্ত মানুষের পাশে বিভিন্নভাবে পাশে থেকেছে শক্তি ফাউন্ডেশন। এরই মধ্যে সুনামগঞ্জের ছাতকে বন্যা দূর্গত ৫২৫ টি পরিবারের মাঝে প্রয়োজনীয় ত্রাণসামগ্রী বিতরণ করে শক্তি ফাউন্ডেশনের কর্মীরা। উক্ত ত্রাণসামগ্রী বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন ছাতক উপজেলার নির্বাহী কর্মকর্তা জনাব গোলাম মুস্তাফা মুন্না।

## স্বপ্ন আমার উদ্যোক্তা হব






গত ১১-১২ জুন ২০২৪ তারিখ শক্তি সমৃদ্ধি কর্মসূচির আওতায় "স্বপ্ন আমার উদ্যোক্তা হব" শীর্ষক ২দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। যারা উদ্যোক্তা হওয়ার স্বপ্ন দেখছেন সেই সমস্ত যুবকদের নিয়ে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। কুমিল্লার মজিদপুর ইউনিয়নের ২৫ জন যুবক এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

## বিশ্ব পরিবেশ দিবস উদযাপন




৫ জুন ২০২৪ পালিত হয় বিশ্ব পরিবেশ দিবস। বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে শক্তি ফাউন্ডেশন এর সমৃদ্ধি কর্মসূচির আওতায় মজিদপুর ইউনিয়নের ৭টি ওয়ার্ডের রাস্তার দুই ধারে, স্কুল প্রাঙ্গনে ১০০০ টি গাছ রোপণ করা হয়। এর পাশাপাশি মিরপুরস্থ জল্লাদখানা বধ্যভূমি সংলগ্ন খেলার মাঠে শোভাবর্ধণশীল বেশ কিছু গাছ লাগানো হয়।

## সমৃদ্ধি কর্মসূচির আওতায় মেডিকেল ক্যাম্প আয়োজন

১০ জুন ২০২৪ তারিখ শক্তি সমৃদ্ধি কর্মসূচির আওতায় মজিদপুর ইউনিয়নের শাহবৃদ্ধি গ্রামে শিশু ও গাইনি এবং মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তারদের মাধ্যমে মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পের মাধ্যমে প্রায় ৩৫০ জন রোগীকে ডাক্তারি পরামর্শ ও ব্যবস্থাপত্র এবং সম্পূর্ণ বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়।



## বাঁচলে কৃষক, বাঁচবে দেশ উন্নয়নে বাংলাদেশ



সিএসআর কর্মসূচির অংশ হিসেবে ১০ জুন ২০২৪ তারিখ শক্তি ফাউন্ডেশন এবং ঢাকা ব্যাংক এর যৌথ উদ্যোগে যশোর চৌগাছা উপজেলার ৪০০ জন কৃষকদের মাঝে ধান চাষের জন্য বিনামূল্যে বীজ, সার ও কীটনাশক বিতরণ করা হয়। এই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চৌগাছা উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহা। আরো উপস্থিত ছিলেন নির্বাহী কৃষি কর্মকর্তাসহ শক্তি ফাউন্ডেশন এবং ঢাকা ব্যাংক পিএলসি এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## বৃদ্ধাশ্রমে ঈদের বিশেষ খাবারের আয়োজন





শক্তি ফাউন্ডেশনের পক্ষ থেকে ঈদ আনন্দ ভাগ করে নিতে বরিশাল, রংপুর,যশোর,ঢাকাসহ মোট ৪টি বৃদ্ধাশ্রমে ঈদের দিন বিশেষ খাবারের আয়োজন করা হয়। এর পাশাপাশি রাজশাহীর বুদ্ধি প্রতিবন্ধী স্কুলের বাচ্চাদের জন্যও বিশেষ খাবারের আয়োজন করা হয়।

## বন্যাকবলিত সিলেট এবং সুনামগঞ্জে ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন

জুন মাসে বন্যাকবলিত সিলেট এবং সুনামগঞ্জ এলাকার মানুষের মধ্যে চর্মরোগ, জ্বর ঠান্ডাসহ বিভিন্ন ধরণের স্বাস্থ্য সমস্যা দেখা দেয়; এসমস্ত দূর্গত মানুষের স্বাস্থ্য সমস্যার চিকিৎসা প্রদানের লক্ষে ছাতক, সুনামগঞ্জ, সিলেটসহ ৪টি স্থানে ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। এই মেডিকেল ক্যাম্পের মাধ্যমে রোগীদের বিনামূল্যে ওষুধ ও চিকিৎসাসেবা প্রদান করা হয়। মেডিকেল ক্যাম্পের কার্যক্রম উদ্বোধন করেন সহকারী কমিশনার (ভূমি) সুনামগঞ্জ সদর জনাব মোঃ এমদাদুল হক শরীফ। এই মেডিকেল ক্যাম্পের মাধ্যমে ৫৯২ জনকে চিকিৎসা সেবা প্রদান করা যায়।





# শক্তি সেভিংস স্কিম

## শক্তি মাসিক মুনাফা সঞ্চয় স্কীম




## শক্তি ডাবল সেভিংস স্কীম




## শক্তি ডিপিএস স্কীম




# এক নজরে শক্তি (জুন ৩০, ২০২৪)

| মাইক্রোফাইন্যান্স শাখা | বিভাগ | জেলা | থানা | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ৫৩০ টি | ৮ টি | ৫৫ টি | ৩৬৮ টি | ২,১৩৪ টি |

**সদস্য সংখ্যা**
৪৬২,৫৩২ জন

**ঋণী**
৩৬০,৬৬৮ জন

**সঞ্চয় স্থিতি**
৯৭৩.৬২ কোটি টাকা

**ঋণ বিতরণ (ক্রমাগত)**
২০৬৯৬.০১ কোটি টাকা

**ঋণ স্থিতি**
২৭১০.৭১ কোটি টাকা

**ঋণ আদায়ের হার (চলতি)**
৯৮.৬৫%

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৮৮৮১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd